

জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাবি প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা আজ শুরু ॥ প্রথম দিনে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩০ সেপ্টেম্বর ২০১৮।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আজ ৩০ সেপ্টেম্বর শুরু হয়েছে। পরীক্ষা চলবে ১০ অক্টোবর পর্যন্ত। মার্বে ৫, ৬ ও ৭ অক্টোবর সরকারি ছুটি থাকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

এবার প্রায় ২ হাজার সিটের বিপরীতে ৩,২২,৯৪৬জন আবেদন করে। প্রতি সিটের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছে ১৬১জন।

ভর্তি পরীক্ষার প্রথম দিনে গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদভূক্ত 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম আজ বিভিন্ন হলে পরীক্ষা পরিদর্শন করেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নুরুল আলম, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. আমির হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মনজুরুল হক, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) রহিমা কানিজ প্রমুখ উপাচার্যের সঙ্গে ছিলেন।

'এ' ইউনিটের অবশিষ্ট আবেদনকারীদের পরীক্ষা আগামীকাল ১ অক্টোবর অনুষ্ঠিত হবে। এদিন আরো অনুষ্ঠিত হবে আইআইটিভূক্ত 'এইচ' ইউনিটের ভর্তি পরীক্ষা। ভর্তি পরীক্ষার প্রথম শিফট শুরু হয় প্রতিদিন সকাল ৯টায়।

২ অক্টোবর জীববিজ্ঞান অনুষদভূক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩ অক্টোবর 'ডি' ইউনিটের অবশিষ্ট আবেদনকারী এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটভূক্ত 'আই' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ ৪র্থ শিফটের একজন পরীক্ষার্থী ২য় শিফটে পরীক্ষা দিতে গেলে তাকে আটক করা হয়। তাকে ৪র্থ শিফটের পরীক্ষা শেষে ছেড়ে দেয়া হয়েছে।

ভর্তি পরীক্ষার তথ্য ও বিস্তারিত সূচি www.ju-admission.org থেকে জানা যাবে।

পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস